

ছক

মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা :

আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

২০০৯- ২০২০ মেয়াদে আইএসপিআর এর সাফল্য ও অগ্রগতির তথ্য	
১.নিয়োগ সংক্রান্ত বিষয়াদি	১ম শ্রেণীর কর্মকর্তা ০৩ জন। ২য় শ্রেণীর কর্মকর্তা ০১ জন। ৩য় শ্রেণীর কর্মচারী ০৭ জন। ৪র্থ শ্রেণীর কর্মচারী ০২ জন।
২. ভৌত অবকাঠামোগত উন্নয়ন	পরিদপ্তরের নিজস্ব কোন ভবন না থাকায় সেনাবাহিনী কর্তৃক অস্থায়ীভাবে বরাদ্দকৃত পুরাতন লগ এরিয়া সদর দপ্তর ভবনের ১৫টি কক্ষে পরিদপ্তরের কার্যক্রম পরিচালিত হচ্ছে।
৩.সাংগঠনিক কাঠামো বৃদ্ধি	সামগ্রিকভাবে দেশের উন্নতির সাথে সাথে সশস্ত্র বাহিনীর সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের পরিধি বহুগুনে বৃদ্ধি পেয়েছে। দেশের গন্ডি পেরিয়ে বিদেশে এবং আন্তর্জাতিক শান্তিরক্ষা কার্যক্রমে সশস্ত্র বাহিনীর কার্যক্রম বৃদ্ধি পেয়েছে। এছাড়াও ইলেকট্রনিক, প্রিন্ট এবং অনলাইন মিডিয়ার সংখ্যাও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। জাতির জনকের নির্দেশনায় ১৯৭২ সালে প্রতিষ্ঠিত আইএসপিআর পরিদপ্তর ৩৭ জন জনবল নিয়ে তার কার্যক্রম শুরু করে। পরে ১৯৮৩ সালে এর জনবল কমিয়ে ৩৩ জন করা হয়। বর্তমানে আইএসপিআর পরিদপ্তরের জনবল ৩৩ জন। এই সীমিত জনবল দিয়ে সশস্ত্র বাহিনীর প্রচার ও জনসংযোগ কার্যক্রম পরিচালনা করা কষ্টসাধ্য বিষয় হয়ে দাড়িয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ঐকান্তিক ইচ্ছা এবং সুপারিশক্রমে আইএসপিআর পরিদপ্তরের নতুন সাংগঠনিক কাঠামো অনুমোদিত হয়েছে। নতুন সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবল ও সরঞ্জামাদি টিওএন্ডই-তে অর্ন্তভুক্ত হলে পরিদপ্তরের কাজের মান ও গতিশীলতা বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে। নতুন সাংগঠনিক কাঠামোর কাজটি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।
৪.আধুনিকীকরণ ও তথ্য প্রযুক্তিগত উন্নয়ন	বর্তমানে তথ্য প্রযুক্তির ক্রমবিকাশের সাথে তাল মিলিয়ে ডিজিটাল বাংলাদেশ নির্মাণের লক্ষ্যে অত্র পরিদপ্তর তার সমস্ত কার্যক্রম ইমেইল ও ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন করছে। এছাড়াও পরিদপ্তরের নিজস্ব ফেইজবুক পেইজও রয়েছে। নতুন প্রজ্ঞাপনের মাধ্যমে তথ্য প্রযুক্তি বিষয়ক সরঞ্জাম টিওএন্ডই বর্হিভূত রাখার কারণে অত্র পরিদপ্তরে পর্যাপ্ত সংখ্যক কম্পিউটার ও অফিস সরঞ্জামাদি অর্ন্তভুক্ত করা হয়েছে। যা পূর্বে বিভিন্ন বাহিনী থেকে অনুদান হিসাবে গ্রহন করে কার্যক্রম পরিচালনা করা হতো। তাছাড়া, নতুন নতুন আসবাবপত্র ও অফিস সরঞ্জাম সংযুক্ত করে একটি আধুনিক ও মানসম্মত অফিস ব্যবস্থাপনা নিশ্চিত করা হয়েছে।